

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়


প্রেস বিজ্ঞপ্তি  
ঢাকা, ২২ আগস্ট ২০১৬ খ্রিঃ

**চীন সরকারের অনুদানের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে ১০০০ (এক হাজার) টি Water Mist Fire Motorcycle সহ প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জাম সরবরাহ সংক্রান্ত।**

আজ সোমবার, ২২ আগস্ট ২০১৬ তারিখ অপরাহ্নে ঢাকার শের-ই-বাংলা নগরস্থ পরিকল্পনা কমিশনের এনইসি-২ সম্মেলন কক্ষে চীন সরকারের অনুদানের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে আধুনিকায়নের লক্ষ্যে নতুন প্রযুক্তি সম্বলিত ১০০০ (এক হাজার)টি Water Mist Fire Motorcycle সহ প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জাম প্রদানের বিষয়ে পৃথকভাবে চীন ও বাংলাদেশ সরকারের মধ্যে দু'টি বিনিময়পত্র (Letter of Exchange) স্বাক্ষরিত হয়েছে। উক্ত বিনিময় পত্রে চীন সরকারের পক্ষে বাংলাদেশে সফররত চীনের বানিজ্য মন্ত্রণালয়ের মাননীয় ভাইস মিনিষ্টার Ms.Gao Yan এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দীন স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে সফররত ভাইস মিনিষ্টারের সঙ্গে আগত প্রতিনিধিবৃন্দ, ঢাকাস্থ চীনা দূতাবাস এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এ প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তীতে বাংলাদেশ ও চীন সরকারের নির্ধারিত সংস্থার মধ্যে পৃথকভাবে চুক্তি স্বাক্ষরিত হবে।

আলোচ্য Water Mist Fire Motorcycle গুলো শহরাঞ্চলের ঘনবসতিপূর্ণ এলাকার সরু রাস্তায় চলাচলের উপযোগী হওয়ায় এলাকার অগ্নিকান্ড দ্রুত নিয়ন্ত্রণে সক্ষম হবে এবং এতে জানমালের ক্ষতির পরিমাণ অনেকাংশে হ্রাস পাবে। উল্লেখ্য, ইতিপূর্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে আধুনিকায়নের লক্ষ্যে চীনা অনুদানের অর্থে ৫০ (পঞ্চাশ)টি আধুনিক এ্যাম্বুলেন্সসহ বিভিন্ন উদ্ধার যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছিল।



ড. একেএম মতিউর রহমান  
উপ-সচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার